

চবির ডিন নির্বাচনে হলুদ প্যানেল ৬ ও সাদা প্যানেল ১টিতে জয়ী

চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) ডিন নির্বাচনে মুক্তিযুদ্ধের আদর্শে উজ্জ্বল প্রপত্তিশীল শিক্ষক ফোরাম (হলুদ প্যানেল) ৭টির মধ্যে ৬টিতে এবং জাতীয়তাবাদী ও ধর্মীয় মূল্যবোধে বিশ্বাসী শিক্ষক ফোরাম (সাদা প্যানেল) মাত্র ১টিতে বিজয়ী হয়েছে। সোমবার ব্যবসায় প্রশাসন অনুষদ মিলনায়তনে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এই ভোটাগ্রহণ চলে। নির্বাচনে ৬৬৩ জন ভোটারের মধ্যে ৬১৮ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। পরে প্রধান নির্বাচন কমিশনার ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. সফিউল আলম ফলাফল ঘোষণা করেন।

কলা ও মানববিদ্যা অনুষদে হলুদ প্যানেল থেকে অধ্যাপক ড. ইমরান হোসেন ৯৯ ভোট পেয়ে ডিন নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রার্থী সাদা প্যানেলের অধ্যাপক ড. মোজাফফর আহমেদ চৌধুরী পেয়েছেন ৩২ ভোট এবং অপর প্রার্থী বসব্বুর আদর্শ বাস্তবায়ন পরিষদের একমাত্র প্রার্থী অধ্যাপক ড. গোলাম কিবরিয়া চৌধুরী পেয়েছেন ২২ ভোট।

বিজ্ঞান অনুষদে সাদা প্যানেল থেকে অধ্যাপক ড. মো. আবদুল করিম ৭২ ভোট পেয়ে ডিন নির্বাচিত হয়েছেন এবং তার প্রতিদ্বন্দ্বী হলুদ প্যানেলের প্রার্থী অধ্যাপক ড. জীবন চন্দ্র পাল পেয়েছেন ৫২ ভোট।

ব্যবসায় প্রশাসন অনুষদে হলুদ প্যানেল থেকে অধ্যাপক ড. মোহাম্মাদ আবু তাহের ৪৬ ভোট পেয়ে ডিন নির্বাচিত হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের অধ্যাপক ড. জাহেদ হোসাইন সিকদার পেয়েছেন ৪২ ভোট।

সমাজবিজ্ঞান অনুষদে হলুদ প্যানেলের প্রার্থী অধ্যাপক হোসাইন কবির ৫৮ ভোট পেয়ে ডিন নির্বাচিত হয়েছেন এবং তার প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের অধ্যাপক ড. মো. আবদুল মান্নান চৌধুরী পেয়েছেন ৫০ ভোট।

জীববিজ্ঞান অনুষদে হলুদ প্যানেলের প্রার্থী ও বর্তমান ছাত্র উপদেষ্টা ড. বান জৌহিদ ওসমান ৭০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন এবং তার প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের অধ্যাপক ড. মোকতার আহমেদ পেয়েছেন ৩৮ ভোট।

নব্য প্রতিষ্ঠিত ইঞ্জিনিয়ারিং অনুষদে হলুদ প্যানেলের প্রার্থী অধ্যাপক ড. শতর লাল সাহা ১৩ ভোট পেয়ে ডিন নির্বাচিত হয়েছেন এবং তার প্রতিদ্বন্দ্বী একমাত্র স্বতন্ত্র প্রার্থী অধ্যাপক ড. মো. রেজাউল হক বান পেয়েছেন ১২ ভোট।

এদিকে আইন অনুষদে অন্য কোনো প্রার্থী না থাকায় হলুদ প্যানেলের প্রার্থী অধ্যাপক ড. আবদুল্লাহ আল ফারুক বিনা প্রতিদ্বন্দ্বিতায় ডিন নির্বাচিত হয়েছেন। নির্বাচনে বিজয়ী ডিনদের অভিনন্দন জানিয়েছেন উপাচার্য অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ ও উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আশুভাষিন।